# বাংলাদেশ বিমান বাহিনীতে পুরুষ ও মহিলা

# বিমানসেনা নিয়োগ

## শিক্ষাগত যোগ্যতা

টেকনিক্যাল ট্রেড (পুরুষ ও মহিলা) : এসএসসিতে বিজ্ঞান শাখায় ন্যূনতম জিপিএ ৩.৫/সমমান।
নন-টেকনিক্যাল (পুরুষ) : এসএসসিতে যে কোন শাখায় ন্যূনতম জিপিএ ৩.৫/সমমান।
এমটিওএফ (পুরুষ) : এসএসসিতে বিজ্ঞান শাখায় ন্যূনতম জিপিএ ৩.০/সমমান।
চিকিৎসা সহকারী (পুরুষ) : এসএসসিতে জীব বিজ্ঞানসহ বিজ্ঞান শাখায় ন্যূনতম জিপিএ ৩.৫/সমমান।
প্রভোস্ট (পুরুষ ও মহিলা) : এসএসসিতে যে কোন শাখায় ন্যূনতম জিপিএ ৩.৫/সমমান।
মিউজিশিয়ান (পুরুষ ও মহিলা) : এসএসসিতে যে কোন শাখায় ন্যূনতম জিপিএ ২.৫/সমমান।
খেলোয়াড় (টেকনিক্যাল/নন-টেকনিক্যাল) (পুরুষ) : এসএসসিতে যে কোন শাখায় ন্যূনতম জিপিএ ৩.৫/সমমান।

বিঃ দ্রঃ চিকিৎসা সহকারী ট্রেডের প্রার্থীদের ক্ষেত্রে MATS হতে ০৪ বছর মেয়াদি MATC সম্পন্নকারী ব্যতীত অন্যান্য প্রার্থীকে ২০২১ সাল এবং পরবর্তীতে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

## নির্বাচনী পরীক্ষার বিষয়সমূহ

| | |
|---|---|
| টেকনিক্যাল ট্রেড | আই কিউ, ইংরেজি, পদার্থ বিজ্ঞান, গণিত, স্বাস্থ্যগত ও মৌখিক পরীক্ষা |
| নন-টেকনিক্যাল | আই কিউ, ইংরেজি, সাধারণ জ্ঞান, স্বাস্থ্যগত ও মৌখিক পরীক্ষা |
| এমটিওএফ | ব্যবহারিক, আই কিউ, ইংরেজি, পদার্থ বিজ্ঞান, গণিত, স্বাস্থ্যগত ও মৌখিক পরীক্ষা |
| চিকিৎসা সহকারী | আই কিউ, ইংরেজি, পদার্থ বিজ্ঞান, গণিত, জীব বিজ্ঞান, স্বাস্থ্যগত ও মৌখিক পরীক্ষা |
| প্রভোস্ট | শারীরিক দক্ষতা যাচাই, আই কিউ, ইংরেজি ও সাধারণ জ্ঞান, স্বাস্থ্যগত ও মৌখিক পরীক্ষা |
| মিউজিশিয়ান | ব্যবহারিক, আই কিউ, ইংরেজি ও সাধারণ জ্ঞান, স্বাস্থ্যগত ও মৌখিক পরীক্ষা |
| খেলোয়াড় (টেকনিক্যাল) | ব্যবহারিক, আই কিউ, ইংরেজি, পদার্থ বিজ্ঞান, গণিত, স্বাস্থ্যগত ও মৌখিক পরীক্ষা |
| খেলোয়াড় (নন-টেকনিক্যাল) | ব্যবহারিক, আই কিউ, ইংরেজি, সাধারণ জ্ঞান, স্বাস্থ্যগত ও মৌখিক পরীক্ষা |

বিঃ দ্রঃ প্রভোস্ট ও খেলোয়াড় ট্রেডের সকল প্রার্থীকে শারীরিক দক্ষতা যাচাই পরীক্ষার জন্য খেলাধুলার পোশাক সঙ্গে আনতে হবে এবং মিউজিশিয়ান ট্রেডের প্রার্থীদের সংগীত বিষয়ে পারদর্শিতা প্রদর্শনের জন্য সংগীত যন্ত্র সঙ্গে নিয়ে আসতে হবে। খেলোয়াড় ট্রেডে শুধুমাত্র আর্চারি/এ্যাথলেটিক্স/বাস্কেটবল/ফুটবল/হকি/কাবাডি/সুইমিং এন্ড ওয়াটার পলো/ভলিবল এ পারদর্শী প্রার্থীগণ আবেদন করতে পারবে।

## বিশেষ যোগ্যতা

টেকনিক্যাল ট্রেড : যে কোন স্বীকৃত কারিগরী প্রশিক্ষণ ইনস্টিটিউট হতে সনদপ্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
এমটিওএফ : হালকা/ভারী যানবাহন চালনায় অভিজ্ঞ ও বৈধ ড্রাইভিং লাইসেন্সধারী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
চিকিৎসা সহকারী : MATS হতে ০৪ বছর মেয়াদি MATC সম্পন্নকারী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
মিউজিশিয়ান : মিউজিক/সংগীত সম্পর্কে সাধারণ জ্ঞান থাকতে হবে। বিভিন্ন বাদ্যযন্ত্রে পারদর্শী অথবা শিল্পকলা একাডেমি, নজরুল একাডেমি ও সরকার অনুমোদিত সংগীত বিদ্যালয় থেকে সনদপ্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
খেলোয়াড় : আন্তর্জাতিক/জাতীয়/বিভাগীয়/জেলা পর্যায়ের খেলায় অংশগ্রহণকারী প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে।

## অন্যান্য যোগ্যতা

জাতীয়তা : বাংলাদেশি পুরুষ ও মহিলা নাগরিক।
বয়স : সকল ট্রেড : ১৬-২১ বছর (০১ এপ্রিল ২০২৪ তারিখে) বয়সের ক্ষেত্রে হলফনামা গ্রহণযোগ্য নয়।
এমটিওএফ ট্রেড : সর্বোচ্চ ২৪ বছর (০১ এপ্রিল ২০২৪ তারিখে)।
চিকিৎসা সহকারী : MATS সম্পন্নকারী প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ২৬ বছর (০১ এপ্রিল ২০২৪ তারিখে)।
মিউজিশিয়ান : সর্বোচ্চ ২৬ বছর (০১ এপ্রিল ২০২৪ তারিখে) শুধুমাত্র বাদ্যযন্ত্রে পারদর্শী প্রার্থীদের জন্য।
বৈবাহিক অবস্থা : সকল ট্রেড : অবিবাহিত/অবিবাহিতা (বিপত্নীক/বিধবা/বিবাহ বিচ্ছেদকারী/তালাকপ্রাপ্ত/তালাকপ্রাপ্তা নয়)।
উচ্চতা (পুরুষ) : সকল ট্রেড : ন্যূনতম ৫ ফুট ৪ ইঞ্চি।
প্রভোস্ট : ন্যূনতম ৫ ফুট ৮ ইঞ্চি।
উচ্চতা (মহিলা) : সকল ট্রেড : ন্যূনতম ৫ ফুট।
প্রভোস্ট : ন্যূনতম ৫ ফুট ৩ ইঞ্চি।
ওজন : বয়স ও উচ্চতা অনুযায়ী।
বুকের মাপ (পুরুষ) : ন্যূনতম ৩০ ইঞ্চি; প্রসারণ: ২ ইঞ্চি।
বুকের মাপ (মহিলা) : ন্যূনতম ২৮ ইঞ্চি; প্রসারণ: ২ ইঞ্চি।
চোখ : ৬/৬ স্বাভাবিক দৃষ্টিসম্পন্ন (বর্ণান্ধ গ্রহণযোগ্য নয়)।

## অযোগ্যতা

১। সেনা/নৌ/বিমান বাহিনী অথবা অন্য কোন সরকারি চাকরি হতে বরখাস্ত/অপসারিত।
২। যে কোন ফৌজদারী অপরাধের জন্য আদালত কর্তৃক দণ্ডপ্রাপ্ত।
৩। সরকারি চাকরিতে নিয়োগ নিষিদ্ধ ঘোষিত।

## বিমানসেনা এন্ট্রি নং - ৫২

### যোগদানের সম্ভাব্য তারিখঃ ০১ এপ্রিল ২০২৪





## হুঁশিয়ারি

বাংলাদেশ বিমান বাহিনীতে ভর্তির ব্যাপারে যে কোনো সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে। কেউ আর্থিক লেনদেনসহ কোনো প্রকার প্রতারণা করার চেষ্টা করলে তাকে নিকটস্থ আইন প্রয়োগকারী সংস্থার নিকট সোপর্দ করুন। ভর্তির সময় অবৈধভাবে আর্থিক লেনদেন, ভুয়া ঠিকানা ও সনদ অথবা ভুল তথ্য প্রদানের মাধ্যমে বিমান বাহিনীতে ভর্তির তথ্য উদঘাটিত হলে চাকরির যে কোনো পর্যায়ে বরখাস্তসহ আইনের আওতায় প্রার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

**সকল প্রার্থীকে শুধুমাত্র অনলাইনে আবেদন করতে হবে।**

## অনলাইনে আবেদনের নিয়মাবলী

অনলাইন পদ্ধতিতে সরাসরি https://joinairforce.baf.mil.bd ওয়েবসাইটে 'Apply Now' -এ ক্লিক করে পরবর্তী নির্দেশনা অনুযায়ী রেজিস্ট্রেশন করে অনলাইন পদ্ধতিতে ২০০/- (দুইশত টাকা) পরিশোধ করা হলে রেজিস্ট্রিকৃত মোবাইল নম্বরে ইউজার আইডি এবং পাসওয়ার্ড প্রেরণ করা হবে। এই ইউজার আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করে 'Login' -এ ক্লিক করে অনলাইন আবেদনপত্র পূরণ ও প্রিন্ট করতে হবে। অনলাইন আবেদনপত্র চূড়ান্তভাবে 'Submit' করার আগে আবেদনকারীগণ নিরীক্ষণের সুযোগ পাবেন এবং চূড়ান্তভাবে 'Submit' করার পর পুনরায় সংশোধন করার সুযোগ থাকবে না। এরপর উক্ত আবেদনপত্র প্রাথমিক লিখিত পরীক্ষার নির্ধারিত তারিখে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত সংখক ছবি ও অন্যান্য সনদের সত্যায়িত ফটোকপিসহ বিমান বাহিনী তথ্য ও নির্বাচনী কেন্দ্রে জমা দিতে হবে। ২৬ আগস্ট ২০২৩ তারিখে সকল ট্রেডের প্রাথমিক পরীক্ষায় অংশগ্রহণের প্রবেশপত্র ডাউনলোডের জন্য উন্মুক্ত করা হবে। কোনো আবেদনকারী এসএমএসের মাধ্যমে ইউজার আইডি ও পাসওয়ার্ড না পেলে আবেদনের ২৪ ঘন্টার মধ্যে 'helpdesk@baf.mil.bd' ঠিকানায় ইমেইল করে জানাতে হবে।

বিঃ দ্রঃ অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং অনলাইনে আবেদন সদ্য তোলা রঙ্গিন ছবির মাধ্যমে সম্পন্ন করতে হবে।

## আবেদনপত্র জমাদানের নিয়মাবলী

প্রত্যেক প্রার্থীকে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করতঃ প্রবেশপত্র ও নিম্নবর্ণিত সনদ/কাগজ পত্রাদি লিখিত পরীক্ষার দিন পরীক্ষা কেন্দ্রে জমা দিতে হবেঃ

১। সকল শিক্ষাগত যোগ্যতার মূল অথবা সাময়িক সনদ, প্রশংসাপত্র এবং মার্কশীটসমূহের সত্যায়িত ফটোকপি।
২। স্ব স্ব ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি করপোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদ (বৈবাহিক অবস্থা ও স্থায়ী ঠিকানা উল্লেখসহ) এবং প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত চারিত্রিক সনদ।
৩। স্থায়ী ঠিকানার প্রমাণ হিসাবে ব্যক্তির নিজের/পিতা/মাতা বা পিতামহ/পিতামহীর দ্বারা স্বনামে স্থায়ী ঠিকানা হিসাবে ঘোষিত আবাসস্থলের বিপরীতে হালনাগাদ কর/খাজনা পরিশোধের প্রমাণপত্র অথবা পিতা/মাতা বা পিতামহ/পিতামহীর জাতীয় পরিচয়পত্র বা পাসপোর্টে উল্লিখিত স্থায়ী ঠিকানার যথোপযুক্ত প্রমাণপত্র জমা দিতে হবে।
৪। প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের ১২ (বার) কপি রঙিন ছবি (ল্যাব প্রিন্ট ও পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে কলারসহ শার্ট পরিহিত)।
৫। চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে স্ব স্ব কর্মস্থল/প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রার্থীতার জন্য অনুমতিপত্র।
৬। মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মূল মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত ফটোকপি। অন্যান্য উত্তরাধীকারীদের ক্ষেত্রেঃ (ক) মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার সন্তান হিসেবে আবেদনপত্রের সহিত তাদের পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা-এর (প্রযোজ্য ক্ষেত্রে) মুক্তিযোদ্ধা সনদের (যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) সত্যায়িত ফটোকপি।
(খ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার সন্তান হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার সন্তান এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি করপোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি।
৭। জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।
৮। আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি।
৯। ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি।
১০। ভূমিহীন এবং ভাড়া বাসায়/সরকারি খাস জমিতে নির্মিত বসতবাড়িতে বসবাসকারী তাদের সংশ্লিষ্ট প্রশাসন (উপজেলা নির্বাহী কর্মকর্তা/ইউনিয়ন পরিষদ/কাউন্সিলর) হতে ভূমিহীন হিসাবে প্রত্যয়নপত্র জমা দিতে হবে।

**অনলাইনে আবেদনের সময়সীমা: ১১ আগস্ট ২০২৩ থেকে ২৪ আগস্ট ২০২৩। * শর্ত প্রযোজ্য**

- টেকনিক্যাল (পুরুষ) ট্রেডের জন্য: সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবে।
- টেকনিক্যাল (মহিলা) ট্রেডের জন্য: সকল বিভাগের প্রার্থীগণ আবেদন করতে পারবে।
- নন টেকনিক্যাল (পুরুষ) ট্রেডের জন্য: মাদারীপুর, রাজবাড়ী, শরিয়তপুর, শেরপুর, খাগড়াছড়ি, বান্দরবান, রাঙ্গামাটি, ফেনী, জয়পুরহাট, চাঁপাইনবাবগঞ্জ, মাগুরা, নড়াইল, চুয়াডাঙ্গা, মেহেরপুর, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, মৌলভীবাজার, লালমনিরহাট, পঞ্চগড় ও ঠাকুরগাঁও জেলা ব্যতীত সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবে।
- এমটিওএফ (পুরুষ) ট্রেডের জন্য: রাজবাড়ী, শরিয়তপুর, খাগড়াছড়ি, বান্দরবান, রাঙ্গামাটি, জয়পুরহাট, মাগুরা, নড়াইল, মেহেরপুর, ঝালকাঠি, বরগুনা ও পঞ্চগড় জেলা ব্যতীত সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবে।
- চিকিৎসা সহকারী (পুরুষ): সকল বিভাগের প্রার্থীগণ আবেদন করতে পারবে।
- প্রভোস্ট (পুরুষ) ট্রেডের জন্য: সকল বিভাগের প্রার্থীগণ আবেদন করতে পারবে।
- প্রভোস্ট (মহিলা) ট্রেডের জন্য: ময়মনসিংহ, বরিশাল ও রংপুর বিভাগ ব্যতীত সকল বিভাগের প্রার্থীগণ আবেদন করতে পারবে।
- মিউজিশিয়ান (পুরুষ) ট্রেডের জন্য: ময়মনসিংহ, রাজশাহী, বরিশাল ও সিলেট বিভাগ ব্যতীত সকল বিভাগের প্রার্থীগণ আবেদন করতে পারবে।
- মিউজিশিয়ান (মহিলা) ট্রেডের জন্য: খুলনা, বরিশাল ও সিলেট বিভাগ ব্যতীত সকল বিভাগের প্রার্থীগণ আবেদন করতে পারবে।
- খেলোয়াড় (টেকনিক্যাল/নন-টেকনিক্যাল) (পুরুষ) ট্রেডের জন্য: সকল বিভাগের প্রার্থীগণ আবেদন করতে পারবে।

## ট্রেড ভিত্তিক পরীক্ষা কেন্দ্র ও সময়সূচি

| | | |
|---|---|---|
| বিভাগ ও জেলা | সকল বিভাগ ও জেলার প্রার্থীর জন্য প্রযোজ্য*। * শর্ত প্রযোজ্য | |
| পরীক্ষা কেন্দ্র | বাংলাদেশ বিমান বাহিনী তথ্য ও নির্বাচনী কেন্দ্র, পুরাতন বিমানবন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫। | |
| ১১ সেপ্টেম্বর ২০২৩ তারিখ থেকে লিখিত ও অন্যান্য পরীক্ষার সময়সূচি | নিম্নে বর্ণিত তারিখ থেকে পরীক্ষার সময়সূচি পর্যায়ক্রমে https://joinairforce.baf.mil.bd এবং https://baf.mil.bd ওয়েবসাইটে প্রকাশ করা হবে। | |
| | ০৪-০৬ সেপ্টেম্বর ২০২৩ | টেকনিক্যাল ট্রেড (পুরুষ) |
| | ০৮-১০ নভেম্বর ২০২৩ | সকল মহিলা প্রার্থী |
| | ২২-২৪ নভেম্বর ২০২৩ | এমটিওএফ, চিকিৎসা সহকারী, প্রভোস্ট (পুরুষ) এবং মিউজিশিয়ান (পুরুষ) |
| | ২৪-২৬ ডিসেম্বর ২০২৩ | নন-টেকনিক্যাল |
| | ০৯-১১ জানুয়ারি ২০২৪ | খেলোয়ার (টেকনিক্যাল/নন-টেকনিক্যাল) |

বিঃ দ্রঃ পরীক্ষাকেন্দ্রে সকল প্রকার ইলেক্ট্রনিক ডিভাইস (মোবাইল, ক্যালকুলেটর, ঘড়ি ইত্যাদি) এবং ব্যাগ বহন করা সম্পূর্ণ নিষিদ্ধ।

## বিশেষ সুযোগ সুবিধা

বেতন ও ভাতা : প্রশিক্ষণকালীন মাসিক বেতন টাকা ৯,০০০/- (নির্ধারিত)। এছাড়াও প্রশিক্ষণকালীন খাদ্য, বাসস্থান, কর্মপোশাক ও চিকিৎসাসহ সকল ব্যয় বিমান বাহিনী কর্তৃক বহন করা হবে। প্রশিক্ষণশেষে পদবি অনুসারে আকর্ষণীয় বেতন ও ভাতাদি প্রাপ্য হবে।
বিদেশ গমন : পেশাগত প্রশিক্ষণের জন্য বিদেশ গমনের সুযোগ।
উচ্চ শিক্ষা : বিমান বাহিনীর তত্ত্বাবধানে উচ্চতর শিক্ষা অর্জনের সুযোগ।
জাতিসংঘ মিশন : জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে গমনের সুযোগ।
বাংলাদেশ দূতাবাস : বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসমূহে নিয়োগ প্রাপ্তির সুযোগ।
সন্তানদের অধ্যয়ন : সন্তানদের যোগ্যতার ভিত্তিতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস ইউনিভার্সিটি, বিইউপি, আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ, এমআইএসটি, ক্যাডেট কলেজ ও বিমান বাহিনী পরিচালিত বিএএফ শাহীন স্কুল ও কলেজে (বাংলা ও ইংরেজি ভার্সন) এবং ইংলিশ মিডিয়াম (ব্রিটিশ কারিকুলাম)-এ অধ্যয়নের সুযোগ।
বাসস্থান : নিরাপদ ও মনোরম পরিবেশে মানসম্মত ও সুসজ্জিত বাসস্থানের সুযোগ।
রেশন : ভর্তুকি মূল্যে রেশন প্রাপ্তির সুযোগ।
যাতায়াত : বিমান বাহিনীর এক ঘাঁটি থেকে অন্য ঘাঁটিতে সপরিবারে বিমান/হেলিকপ্টার/বাসযোগে যাতায়াতের সুযোগ।
চিকিৎসা : সামরিক হাসপাতালে নিজ, স্ত্রী ও সন্তানদের উন্নত চিকিৎসা; প্রয়োজনে নগদ অর্থ প্রদানসহ বিদেশে চিকিৎসার সুযোগ। পাশাপাশি সামরিক হাসপাতালে পিতা, মাতা, শ্বশুর ও শাশুড়ির উন্নত চিকিৎসার সুযোগ।

শর্ত প্রযোজ্যঃ সকল নিয়ম ও শর্তসমূহ বিমান বাহিনী কর্তৃপক্ষ পরিবর্তন ও পরিবর্ধনের ক্ষমতা সংরক্ষণ করে।

**সরকারি স্বাস্থ্যবিধি মেনে সকল পরীক্ষা গ্রহণ করা হবে।**

রিক্রুটমেন্ট পরিদপ্তর, বাংলাদেশ বিমান বাহিনী সদর দপ্তর, ঢাকা সেনানিবাস। বিস্তারিত তথ্য ও যোগাযোগের জন্য: বাংলাদেশ বিমান বাহিনী তথ্য ও নির্বাচনী কেন্দ্র, পুরাতন বিমানবন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫।

বিস্তারিত তথ্য ও অনলাইন আবেদনের জন্য: https://joinairforce.baf.mil.bd, Help Desk: 01769-990880 (8 AM-3 PM), Email: helpdesk@baf.mil.bd, Follow us: facebook.com/baf.mil.bd